

3 (Sem-5/CBCS) BEN SE

2023

BENGALI

(Skill Enhancement Course)

Paper : BEN-SE-5014

(চিত্রনাট্য রচনা ও বাংলা সাহিত্য)

Full Marks : 50

Time : 2 hours

The figures in the margin indicate full marks for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) “সে সাহিত্যেরও ঘনিষ্ঠ, চলচ্চিত্রেরও আত্মীয়। তার অবস্থান দুয়ের মাঝামাঝি।” এখানে কার কথা বলা হয়েছে?

(খ) শূন্যস্থান পূর্ণ করো :
চলচ্চিত্রকে বলা যায় _____ শতাব্দীর শিল্প-মাধ্যম।

(গ) চলন্ত ছবি বলে ক্যামেরা আসলে আমাদের কী দেখায়?

(ঘ) মনতাজের চূড়ান্ত প্রসারণকে কী বলা হয়?

(2)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৩=৬

- (ক) 'চিত্রনাট্য'-এর সংজ্ঞা উল্লেখ করো।
- (খ) ক্যামেরার নড়াচড়া কত ডিগ্রি থেকে কত ডিগ্রির মধ্যে সীমাবদ্ধ?
- (গ) চলচ্চিত্রবোধ বা ফিল্ম সেল প্রসঙ্গে আইজেনস্টাইন যে তিনটি বিষয়ের উল্লেখ করেছেন তার যে কোনো দুটির নাম লেখো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) চিত্রনাট্য রচনায় শট ও ক্যামেরা মুভমেন্টের উল্লেখ প্রয়োজনীয় কিনা তা আলোচনা করো।
- (খ) 'চিত্রোপযোগী গল্প' বলতে কী বোঝায়? এর বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।
- (গ) ছোটগল্প থেকে চিত্রনাট্য রচনা এবং উপন্যাস থেকে চিত্রনাট্য রচনার ক্ষেত্রে চিত্রনাট্যকারের স্বাধীনতা ও সীমাবদ্ধতা সম্বন্ধে আলোচনা করো।
- (ঘ) নাটক ও চলচ্চিত্রের পারস্পরিক সম্পর্ক, সাদৃশ্য ও বৈসাদৃশ্য সম্বন্ধে আলোচনা করো।

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) "মৌলিক মাধ্যম নয় বলে অন্য সব মাধ্যম থেকে অকৃপণভাবে আত্মসাৎ করে তবে চলচ্চিত্র আত্মহ হযেছে।" বিশদভাবে আলোচনা করো।

(3)

- (খ) "শিল্পের ক্ষেত্রে আঙ্গিকের চেয়েও গুরুত্বপূর্ণ হলো বোধ।"
- চলচ্চিত্রবোধ বা ফিল্ম সেল-এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্বন্ধে আলোচনা করো।
- (গ) চিত্রনাট্য থেকে চলচ্চিত্রে রূপান্তরের প্রক্রিয়াটি আলোচনা করো।
- (ঘ) "চলচ্চিত্রের কাহিনী প্রধানত চরিত্র ও ঘটনাকে আশ্রয় করে এগিয়ে চলে।"
- চলচ্চিত্রে কাহিনী, চরিত্র ও ঘটনার গুরুত্ব ও বৈশিষ্ট্য আলোচনা করো।
- (ঙ) চলচ্চিত্রে 'পটভূমি প্রতিষ্ঠা'র জন্য ফোন ধরনের শট ব্যবহার করা হয়? এই শটের বৈশিষ্ট্যগুলো উল্লেখ করে সতীনাথ ভাদুড়ীর 'চরণদাস—এম. এল. এ.' ছোটগল্পের চলচ্চিত্রায়নে কীভাবে এই শট ব্যবহার করা হয়েছে তা উল্লেখ করো।
- (চ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের চিত্রনাট্যে লং-শট, মিড-শট, কম্পোজিট ক্লোজ-শট, প্যান, ব্যাক-টু-ক্যামেরা ইত্যাদি শট কীভাবে প্রয়োগ করা হয়েছে তা চিত্রনাট্যটির প্রথম পর্ব অবলম্বনে আলোচনা করো।
